



নম্বর: ৩০.০০.০০০০.০১৩.০৫.০০১.২০.১৬২

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭  
২৪ আগস্ট ২০২০

অফিস আদেশ

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্তভাবে এপিএ টিম পুনর্গঠন করা হলো :

ক্র. নং	পদবি	টিমে পদবি
১.	অতিরিক্ত সচিব (প্রশাসন, পর্যটন ও পরিকল্পনা), এ মন্ত্রণালয়	টিম প্রধান
২.	যুগ্মসচিব (সিএ), এ মন্ত্রণালয়	সদস্য
৩.	যুগ্মসচিব (বিমান), এ মন্ত্রণালয়	সদস্য
৪.	যুগ্মসচিব (প্রশাসন), এ মন্ত্রণালয়	সদস্য
৫.	যুগ্মসচিব (পর্যটন), এ মন্ত্রণালয়	সদস্য
৬.	সিনিয়র সচিবের একান্ত সচিব, এ মন্ত্রণালয়	সদস্য
৭.	উপসচিব (সিএ-১), এ মন্ত্রণালয়।	ফোকাল পয়েন্ট/সদস্য সচিব

২। কমিটির কার্যপরিধি :

- এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন;
- এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়নে সহায়তা প্রদান;
- এ মন্ত্রণালয় ও এর নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহের এপিএ-এর খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের নিকট উপস্থাপন, পরামর্শ গ্রহণ এবং সে অনুযায়ী খসড়া চুক্তি পরিবর্ধন/ পরিমার্জন/ সংশোধন;
- বিশেষজ্ঞ পুলের সুপারিশ অনুযায়ী মন্ত্রণালয়ের সংশোধিত খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত করে তা বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার অনুমোদন গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে কি না তা যাচাইকরণের জন্য ত্রৈমাসিক, ষাণ্মাষিক ও বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন, পর্যালোচনা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) অনুমোদন গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- এ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা এবং এতদসংক্রান্ত কার্যক্রমে বিশেষজ্ঞ পুলকে সহযোগিতা প্রদান; এবং
- এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মাসিক ভিত্তিতে সভা করা, সভার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে কিনা তা পর্যালোচনা ও সময় সময় অন্যান্য কাজ সম্পাদন।

৩। এ মন্ত্রণালয়ের গত ১৪ মে ২০১৯ খ্রি. তারিখের ৩০.০০.০০০০.০১৩.৯৯.০০৪.১৯-২৬০ নং স্মারকমূলে জারিকৃত অফিস আদেশ এতদ্বারা রহিত বলে গণ্য হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪-৮-২০২০

অনুপ কুমার তালুকদার

উপ-সচিব

ফোন: ০২-৯৫৪০৮৬২

ফ্যাক্স: ০২-৯৫২৫৪৯৯

ইমেইল: dsca1@moccat.gov.bd


নম্বর: ৩০.০০.০০০০.০১৩.০৫.০০১.২০.১৬২/১(২৭)

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭  
২৪ আগস্ট ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

- ৩) অতিরিক্ত সচিব (রুটিন দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৪) যুগ্ম-সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৫) উপ-সচিব/উপ-প্রধান (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৮) সিনিয়র সহকারী সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৯) প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ১০) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), হিসাব সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়



২৪-৮-২০২০

অনুপ কুমার তালুকদার  
উপ-সচিব